



# রাংগুনিয়া সরকারি কলেজ

স্থাপিত : ১৯৬৩খ্রি.

রাংগুনিয়া, চট্টগ্রাম-৪৩৬০।

অধ্যক্ষের কার্যালয়



Website: www.ranguniacollege.edu.bd , E-mail: info@ranguniacollege.edu.bd

নং-২০২১/০৫৫

তারিখ: ০৯ সেপ্টেম্বর, ২০২১খ্রি.

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের

### ৬ষ্ঠ ধাপে ৭ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট জমা দেওয়ার সময়সূচি

এতদ্বারা কলেজের ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, অ্যাসাইনমেন্ট কার্যক্রম ২৬ জুলাই, ২০২১ খ্রি. থেকে শুরু হয়েছে। অদ্য ০৯ সেপ্টেম্বর, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক ৬ষ্ঠ ধাপে ৭ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট প্রকাশ করা হয়েছে। অ্যাসাইনমেন্ট কলেজ অফিস-এর পাশাপাশি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-এর ওয়েবসাইট [www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd), কলেজের ওয়েবসাইট ও রাংগুনিয়া সরকারি কলেজ অফিসিয়াল ফেসবুক পেইজ-এ উপরের লিংকে ক্লিক করেও সংগ্রহ করা যাবে।

উল্লেখ্য, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক কেবলমাত্র গ্রুপভিত্তিক নৈর্বচনিক বিষয়ের [তিনটি] উপর প্রতি সপ্তাহে ০২ (দুই) টি করে ১৫ (পনের) সপ্তাহের জন্য মোট ৩০ (ত্রিশ) টি অ্যাসাইনমেন্ট ইতোমধ্যে প্রণয়ন করা হয়েছে।

করোনা ভাইরাস (COVID-19) এর সংক্রমণ রোধে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধি-নিষেধ যথাযথভাবে পালনপূর্বক [মাস্ক পরিধান, নির্দিষ্ট দূরত্ব বজায় রাখা, হ্যান্ড স্যানিটাইজ করা ইত্যাদি] স্বহস্তে লিখে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী কলেজের স্ব স্ব বিভাগের দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের নিকট বর্ণিত বিষয়ের অ্যাসাইনমেন্ট জমা দেওয়ার জন্য পরামর্শ দেওয়া হলো।

শিক্ষার্থীদের প্রতি বিশেষ নির্দেশনা : অ্যাসাইনমেন্ট লেখার সময় যাতে শিক্ষার্থীর মৌলিক চিন্তা, কল্পনা, সৃজনশীলতা ও নিজস্ব স্বকীয়তা বজায় থাকে সেদিকে খেয়াল রাখতে হবে। কোনো অবস্থাতেই কারো কাছ থেকে কিংবা কোনো মাধ্যম থেকে ছবছ নকল করে কিংবা ফটোকপি করা অ্যাসাইনমেন্ট জমা দেওয়া যাবে না। যেকোনো সমস্যা অনুভূত হলে বিষয় শিক্ষকের সাথে যোগাযোগ করা যেতে পারে।

### ৭ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট জমা দেওয়ার সময়সূচি

তারিখ	সময়	বিভাগ	বিষয় ও অ্যাসাইনমেন্ট নং (৫)
১৪-০৯-২০২১ (মঙ্গলবার)	সকাল ১১.৩০ টা থেকে দুপুর ১.৩০টা	মানবিক	ইতিহাস ১ম পত্র (৩০৪), ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম পত্র (২৬৭), অর্থনীতি ১ম পত্র (১০৯), পৌরনীতি ও সুশাসন ১ম পত্র (২৬৯), যুক্তিবিদ্যা ১ম পত্র (১২১)
১৫-০৯-২০২১ (বুধবার)	সকাল ১১.৩০ টা থেকে দুপুর ১.৩০টা	বিজ্ঞান	পদার্থবিজ্ঞান ১ম পত্র (১৭৪) রসায়ন ১ম পত্র (১৭৬)
		ব্যবসায় শিক্ষা	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র (২৭৭) হিসাববিজ্ঞান ১ম পত্র (২৫৩)

(এ. কে. এম. সুজা উদ্দীন)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।